

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১৪৯০

২১/ বিবিধ বিধান ও তার উপকারিতা (كتاب الأحكام والفوائد)

পরিচ্ছেদঃ সাপ হত্যা

باب مَا جَاءَ فِي قَتْلِ الْحَيَّاتِ

আরবী

حَدَّثَنَا هَنَادٌ، حَدَّثَنَا عَبْدَةُ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ، عَنْ صَيْفِيٍّ، عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " إِنَّ لِبُيُوتِكُمْ عُمَارًا فَحَرِّجُوا عَلَيْهِنَّ ثَلَاثًا فَإِنْ بَدَأَ لَكُمْ بَعْدَ ذَلِكَ مِنْهُنَّ شَيْءٌ فَاقْتُلُوهُ " . قَالَ أَبُو عِيسَى هَكَذَا رَوَى عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ هَذَا الْحَدِيثَ عَنْ صَيْفِيٍّ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ . وَرَوَى مَالِكُ بْنُ أَنَسٍ، هَذَا الْحَدِيثَ عَنْ صَيْفِيٍّ، عَنْ أَبِي السَّائِبِ، مَوْلَى هِشَامِ بْنِ زُهْرَةَ عَنْ أَبِي سَعِيدٍ، عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَفِي الْحَدِيثِ قِصَّةٌ . حَدَّثَنَا بِذَلِكَ الْأَنْصَارِيُّ حَدَّثَنَا مَعْنٌ حَدَّثَنَا مَالِكٌ . وَهَذَا أَصَحُّ مِنْ حَدِيثِ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ وَرَوَى مُحَمَّدُ بْنُ عَجَلَانَ عَنْ صَيْفِيٍّ نَحْوَ رِوَايَةِ مَالِكٍ .

বাংলা

১৪৯০। হান্নাদ (রহঃ) ... আবু সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমাদের ঘরে বসবাসকারী অন্য প্রাণীও থাকে। তিনবার এদেরকে ধমক দেবে। এরপরও যদি এদের থেকে (অনিষ্টকারী) কিছু প্রকাশ পায় তবে তা হত্যা করবে।

সহীহ, যঈফা ৩১৬৩ নং হাদীসের অধীনে, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪৮৪ [আল মাদানী প্রকাশনী]

এরূপভাবে উবায়দুল্লাহ ইবনু উমার এ হাদীসটিকে সাযফী-আবু সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণনা করেছেন। মালিক ইবনু আনাস এ হাদীসটিকে সাযফী- হিশাম ইবনু যুহরার আযাদকৃত দাস আবুসসাইব-আবু সাঈদ রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণনা করেছেন। হাদীসটিতে আরো বর্ণনা রয়েছে। আল-আনসারী (রহঃ) মালিক (রহঃ) থেকে অনুরূপ বর্ণিত আছে। এটি উবায়দুল্লাহ ইবনু উমার (রহঃ) এর রিওয়াযাত থেকে অধিকতর সহীহ। মুহাম্মদ ইবনু আজলান (রহঃ) ও সাযফী (রহঃ) এর বরাতে মালিক (রহঃ) এর অনুরূপ বর্ণনা করেছেন।

English

Narrated Abu Sa'eed Al-Khudri:

That the Messenger of Allah (ﷺ) said: "Indeed there are others inhabiting your homes. So yell at them three times (to leave). If you see any of them after that, then kill them."

Malik bin Anas reported this Hadith from Saifi from Abu As-Sa'ib the freed slave of Hisham bin Zuhrah, from Abu Sa'eed from the Prophet (ﷺ), and there is a story along with the Hadith. Another Chain similar to the narration of Malik

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=21999>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন